গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
ত্রাণ শাখা
www.munshiganj.gov.bd

স্মারক নম্বর: ৫১.০১.৫৯০০.০০০.৪১.০২৮.২৩.১২৪ তারিখ: ৯ চৈত্র ১৪২৯
২৩ মার্চ ২০২৩

বিষয়: **গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় (২য় পর্যায়) উপজেলা পরিষদওয়ারী বরাদ্দের বিপরীতে সিরাজদিখান উপজেলায় গৃহীত প্রকল্পের অনুকূলে নগদ অর্থের উপ-বরাদ্দ প্রদান**

সূত্র: ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পত্র নং- ৫১.০১.০০০০.০১২.১৪.০০৭.২২.৩১, তারিখ : ১৯/০১/২০২৩ খ্রি.
২। উপজেলা পরিষদ, সিরাজদিখান এর পত্র নং-৫১.০১.৫৯৭৪.০০০.৪১.০৪৮.২২.৩৯৪/৩
তারিখ: ২৩/০২/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ০১নং পত্রে ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদওয়ারী (২য় পর্যায়) সিরাজদিখান উপজেলার অনুকূলে **মোট ১৬,৬২,৬৮৭.৬৮ (ষোল লক্ষ বাষট্টি হাজার ছয়শত সাতাশি দশমিক ছয় আট) টাকা** বরাদ্দ পাওয়া যায়। সূত্রোক্ত ০২ নং পত্রে প্রাপ্ত উল্লিখিত উপজেলার প্রকল্প সমূহ জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদ স্বাপেক্ষে নিম্নলিখিত শর্ত মোতাবেক বর্ণিত পরিমাণ নগদ অর্থ নিম্নোক্তভাবে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্রম | ইউনিয়ন | ওয়ার্ড নং | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | রশুনিয়া | ০১ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের দক্ষিন পাশে ওয়াল নির্মাণ । | ৩,৩২,৫৩৭/- |
| ০২ | চিত্রকোট | ০৫ | মরিচা প্রধান সড়ক হতে আলী হোসেনর জমি পর্যন্ত রাস্তা নির্মাণ। | ১,০০,০০০/- |
| ০৩ | শেখরনগর | ০৪ | ফৈনপুর আবেদ আলীর বাড়ী হতে আবদুলের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ। | ১,০০,০০০/- |
| ০৪ | রাজানগর | ০৬ | ভাড়ারিয়া বিলকিস এর বাড়ী হতে ভাড়ারিয়া মসজিদ পর্যন্ত রাস্তা নির্মাণ। | ১,০০,০০০/- |
| ০৫ | কেয়াইন | ০২ | বড়বর্তা আতিকের বাড়ী হতে মোস্তাফা বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ। | ৫৬,০০০/- |
| ০৬ | কেয়াইন | ০৮ | হাজীগাঁও জীবন দাসের বাড়ী হতে নীল কমল আখড়া পর্যন্ত রাস্তা পুনঃ নির্মাণ। | ৫৬,০০০/- |
| ০৭ | বাসাইল | ০৫ | হারুন শেখের জমি হতে তপছির মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ। | ১,০০,০০০/- |
| ০৮ | রশুনিয়া | ০২ | উত্তর তাজপুর কবরস্থান সংলগ্ন নাহিদ শেখের বাড়ী হতে সোলেমান মোল্লার বাড়ী রাস্তা নির্মাণ। | ১,০০,০০০/- |
| ০৯ | লতব্দী | ০৪ | লতব্দী শেখ বাড়ী জামে মসজিদ উন্নয়ন। | ১,০০,০০০/- |
| ১০ | বালুচর | ০৫ | খাসনগর চৌরাস্তা হতে সহর আলীর ভিটাবাড়ী পর্যন্ত রাস্তা মেরামত । | ১,৫০,০০০/- |
| ১১ | ইছাপুরা | ০৪ | ইছাপুরা আনাম কোল্ডষ্টোজের পশ্চিম সাইড থেকে চালতাতলা কাঠালতলী সংযোগ পর্যন্ত রাস্তা নির্মাণ। | ১,০০,০০০/- |
| ১২ | বয়রাগাদি | ০৪ | ছোটপাউলদিয়া পালের বাড়ীর রাস্তা মোড় হতে বাহেরঘাটা মোল্লা বাড়ী ব্রীজ রাস্তা মেরামত। | ৬৫,০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | মালখানগর | ০৫ | ফুরশাইল সঃ প্রাঃ বিঃ পুকুরের কোনা হতে নন্দলালের বাড়ী পর্যন্ত রাস্তা পুন নির্মাণ। | ৮০,০০০/- |
| ১৪ | মধ্যপাড়া | ০৩ | রুবিয়া মেম্বার এর বাড়ীর কোনা হতে মাঠের উত্তর-পশ্চিম কোনা পর্যন্ত রাস্তা সংস্কার। | ১,০০,০০০/- |
| ১৫ | জৈনসার | ০৫ | ভাটিমভোগ বড় রাস্তা হতে চাইনপাড়া চৌরাস্তা পর্যন্ত পাকা রাস্তা মেরামত ও জৈনসার পরিষদ সংলগ্ন ব্রীজের গোড়ায় মাটি ভরাট। | ৬০,০০০/- |
| ১৬ | কোলা | ০৩ | হাতরপাড়া আব্দুল্লাহ বাড়ী হতে মামুন বেপারীর বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃনির্মাণ। | ৬৩,১৫০.৬৮ |
| | | | **মোট=** | **১৬,৬২,৬৮৭.৬৮(ষোল লক্ষ বাষট্টি হাজার ছয়শত সাতাশি দশমিক ছয় আট) টাকা** |

<u>শর্তাবলী:</u>

০১। বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন আগামী ৩১/০৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

০২। এ ব্যয় ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

০৩। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে ।

০৪। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।

০৫। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পূর্ণ করে কাজ শুরু করতে হবে। অব্যয়িত নগদ অর্থ যথাসময়ে ফেরত প্রদান করতে হবে।

০৬। বজ্রপাত প্রতিরোধে বজ্র নিরোধক দন্ড/যন্ত্র (Lightning Arrester) এবং ছাউনি স্থাপন প্রকল্প গ্রহণ করা যাবে।

০৭। জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান, শিক্ষা/ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান এবং জনবহুল স্থানে জনসাধারণের জানমালসহ সার্বিক নিরাপত্তা এবং সরকারি সম্পদ রক্ষার্থে ক্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন প্রকল্প গ্রহণ করা যেবে।

০৮। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে।

০৯। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ছকে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১০। বাস্তবায়িত প্রকল্পের মাস্টার রোল সমন্বয়ান্তে চূড়ান্ত প্রতিবেদন এ কার্যালয়ের ত্রাণ শাখায় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

১১। নিরীক্ষার জন্য হিসাব/ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।

১২। উপ-বরাদ্দ পত্রসহ প্রকল্প তালিকা উপজেলা তথ্য বাতায়নে আপলোড করতে হবে।

২৩-৩-২০২৩

কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক
ফোন: ০২-৯৯৭৭৩১১০০
ইমেইল:
dcmunshiganj@mopa.gov.bd

চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ

স্মারক নম্বর: ৫১.০১.৫৯০০.০০০.৪১.০২৮.২৩.১২৪/১

তারিখ: ৯ চৈত্র ১৪২৯
২৩ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা

২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা

৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,সিরাজদিখান,মুন্সীগঞ্জ

৪) ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মুন্সীগঞ্জ

৫) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিরাজদিখান, মুন্সীগঞ্জ

৬) উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ

৭) প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মুন্সিগঞ্জ (উপ-বরাদ্দ পত্রটি জেলা তথ্য বাতায়নে আপলোডের অনুরোধসহ)

৮) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিরাজদিখান, মুন্সিগঞ্জ (উপ-বরাদ্দ পত্রটি উপজেলা তথ্য বাতায়নে আপলোডের অনুরোধসহ)

২৩-৩-২০২৩
কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক